সমকাল

তারিখ ... 05 SEP 2016 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৬ ......

# শিবির নিষিদ্ধে পদক্ষেপ নেওয়া হচ্ছে

■ সমকাল প্রতিবেদক

জঙ্গি সংগঠন হিসেবে ইসলামী ছাত্রশিবিরকে নিষিদ্ধ করতে পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে সংসদীয় কমিটিকে জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল রোববার সংসদ ভবনে অনুষ্ঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির কার্যবিবরণী থেকে এ তথ্য জানা গেছে।

কার্যবিবরণীতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানকে উদ্ধৃত করে বলা হয়েছে, ইসলামী ছাত্রশিবির, হরকাতুল . জিহাদ (হুজি), আনসারুল্লাহ ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

# শিবির নিষিদ্ধে পদক্ষেপ নেওয়া হচ্ছে

[শেষ পৃষ্ঠার পর]

বাংলা টিম, আনসার আল ইসলামসহ এ ধরনের জঙ্গি সংগঠনগুলোকে নিষিদ্ধ করতে মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। এ বৈঠকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি সরকারের সব মন্ত্রণালয়কে সম্পৃক্ত করে জঙ্গিবাদ প্রতিরোধে কাজ করার সুপারিশ করেছে সংসদীয় কমিটি।

এ ব্যাপারে জানতে চাইলে কমিটির সদস্য আবু সাঈদ আল মাহমুদ স্বপন বলেন, জঙ্গিবাদ প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলো কাজ করছে। কিন্তু এর সঙ্গে সরকারের অন্যান্য দপ্তরকেও যুক্ত করা প্রয়োজন। মাঠপর্যায়ের শিক্ষক, কৃষিকর্মী, সমাজসেবা কর্মী, স্বাস্থ্যকর্মীদেরও জঙ্গিবিরোধী কাজে যুক্ত করা প্রয়োজন। কমিটি এজন্য সব মন্ত্রণালয়ের সমন্বিত উদ্যোগ গ্রহণের সুপারিশ করেছে।

এ ছাড়া বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, পুলিশ বাহিনীর সার্বিক সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নের জন্য সরকার পুলিশ বাহিনীতে নতুন ৫০ হাজার পদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই সিদ্ধান্তের অংশ হিসেবে ইতিমধ্যে পুলিশ অধিদপ্তরের বিদ্যমান ইউনিটের জন্য মোট ১৩ হাজার ৬৪১টি নতুন পদ সৃজনের বিষয়ে আলোচনা হয়।

বৈঠক শেষে সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৈঠকে মসজিদের ইমাম ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের শিক্ষকরা যাতে জঙ্গিবাদকে উস্কে দেওয়ার মতো বক্তব্য দিতে না পারেন সে বিষয়ে নজরদারি বাড়ানো এবং সমাজের গণমান্য ব্যক্তি, ইমাম-শিক্ষক, জনপ্রতিনিধি, এনজিওসহ সবার সমন্বয়ে জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতনতামূলক কার্যক্রম নেওয়ার সুপারিশ করা হয়।

কমিটির সভাপতি টিপু মুনশির সভাপতিত্বে বৈঠকে কমিটি সদস্য স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, মোজাম্মেল হোসেন, শামসুল হক টুকু, ওমর ফারুক চৌধুরী, ফরিদুল হক খান, আবুল কালাম আজাদ, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, ফখরুল ইমাম এবং কামরুন নাহার চৌধুরী অংশ নেন।